

## স্বজন হারানোর মাস

### ভজন সরকার

এই মাসে বাঙ্গালীর দিনপঞ্জিতে লেখা হোক  
আরেকটি স্বজন -হারানো দিন ,আরেকটি শোক,  
এই মাসে বাঙ্গালীর দিনপঞ্জিতে লেখা থাক নাম  
শেখ মুজিব - হৃষ্মায়ুন আজাদ - সামসুর রাহমান ।।

এই মাসে বাঙ্গালীরা দুঃখে কাঁদুক  
আর সাহসে বুক বাঁধুক আবারো  
পনেরোর জল চোখে শোক আর দ্রোহে  
ফিরে আসুক আগষ্ট এগারো - আগষ্ট সতেরো ।

।। আগষ্ট ১৭, ২০০৬, কানাডা ।।